



তাওফিকা ফুড্‌স অ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসির শেয়ার প্রতি আয় বেড়েছে ৪৮ শতাংশ

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাওফিকা ফুড্‌স অ্যান্ড লাভেলো আইসক্রিম পিএলসির প্রকাশিত দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩) অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী এ তথ্য জানা গেছে। সোমবার ২৯ জানুয়ারি অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের বৈঠকে চলতি হিসাব বছরের দ্বিতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন করা হয়।

দ্বিতীয় প্রান্তিকে কোম্পানিটির কর-পরবর্তী নীট মুনাফা হয়েছে ২ কোটি ১৪ লাখ ৪৭ হাজার ৭২২ টাকা, যা আগের বছর একই সময়ে ছিল ১ কোটি ৪৫ লাখ ৩৩ হাজার ১০৬ টাকা। সে হিসেবে কোম্পানিটির মুনাফা বেড়েছে ৬৯ লাখ ১৪ হাজার ৬১৬ টাকা বা ৪৮ শতাংশ।

আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ২৫ পয়সা, যা আগের বছর একই সময়ে ছিল ১৭ পয়সা। সুতরাং শেয়ার প্রতি আয় বেড়েছে ৪৮ শতাংশ। এবং আলোচ্য সময়ে কোম্পানিটির এনওসিএফপিএস হয়েছে ১.৪৫ পয়সা, যা আগের বছর একই সময়ে ছিল ১.৪৮ পয়সা।

৩১ ডিসেম্বর ২০২৩ শেষে কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদমূল্য (এনএভি) দাঁড়িয়েছে ১২ টাকা ৫১ পয়সা, যা ৩০ জুন ২০২৩ শেষে ছিল ১২ টাকা ৯৪ পয়সা।